

REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 08-03-2026  
Time: 07:35-07:40 PM Hrs  
BENGALI MORNING BULLETIN

---

Vice President:

উপরাষ্ট্রপতি সি.পি রাধাকৃষ্ণন দুদিনের রাজ্য সফরের দ্বিতীয় দিনে আজ অ্যালবার্ট এঙ্কা ওয়্যার মেমোরিয়ালে বীর সেনানীদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করবেন। পরে উদয়পুরে মাতা ত্রিপুরাসুন্দরী মন্দিরে পূজা দেবেন। এরপর ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের ১৪তম সমাবর্তন উৎসবে যোগ দেবেন। দুপুরে উপরাষ্ট্রপতি আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে স্ব-সহায়ক দলের স্টল পরিদর্শন করবেন ও লাখপতি দিদিদের সঙ্গে মতবিনিময় করবেন। অনুষ্ঠান শেষে তিনি দিল্লির উদ্দেশ্যে রাজ্য ত্যাগ করবেন।

\*\*\*\*\*

PM:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নয়াদিল্লিতে প্রায় তেত্রিশ হাজার পাঁচশো কোটি টাকার একাধিক উল্লম্বনমূলক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এর মধ্যে প্রায় আঠারো হাজার তিনশো কোটি টাকার দিল্লি মেট্রো-র বিভিন্ন প্রকল্প রয়েছে। প্রধানমন্ত্রী দিল্লি মেট্রোর দুটি নতুন পথের উদ্বোধন করবেন। এর একটি প্রায় বারো দশমিক তিন কিলোমিটার দীর্ঘ মজলিস পার্ক থেকে মৌজপুর বাবরপুর পর্যন্ত এবং অন্যটি প্রায় নয় দশমিক নয় কিলোমিটার দীর্ঘ দীপালি চক থেকে মজলিস পার্ক পর্যন্ত বিস্তৃত। এছাড়াও, প্রধানমন্ত্রী শ্রী মোদি দিল্লি মেট্রোর পঞ্চম পর্যায়ের অধীনে ষোলো কিলোমিটারেরও বেশি দৈর্ঘ্যের তিনটি নতুন পথ নির্মাণের ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। প্রধানমন্ত্রী সাধারণ আবাসন পুনর্নির্মাণ পরিকল্পনা-এর অধীনে প্রায় পনেরো হাজার দুইশো কোটি টাকার একাধিক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। সরোজিনী নগর, নেতাজি নগর, কস্তুরবা নগর এবং শ্রীনিবাসপুরী-র মতো গুরুত্বপূর্ণ এলাকায় এই প্রকল্পগুলি বাস্তবায়িত হবে। সরকারি কর্মচারীদের জন্য আধুনিক আবাসন এবং প্রশাসনিক দপ্তরের উন্নত অবকাঠামো গড়ে তোলাই এই উদ্যোগের মূল লক্ষ্য।

\*\*\*\*\*

International women's day:

আজ আন্তর্জাতিক নারী দিবস। রাজ্যেও নানা কর্মসূচির মধ্য দিয়ে দিনটি উদযাপনের উদ্যোগ নেয়া হয়েছে। মহিলাদের অধিকার সুৰক্ষিত করার উপর জোর দিয়ে প্রতিটি জেলাতে আলোচনাচক্র ও বিভিন্ন সামাজিক কর্মসূচি গতকাল থেকে চলছে।

\*\*\*\*\*

International Women Day, ASMITA-Dhalai:

কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রকের অধীনে অসমিতা প্রকল্পে আজ আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে স্পোর্টস অথরিটি অব ইন্ডিয়া এবং মাই ইন্ডিয়াৰ মোখ উদ্যোগে দেশের ২৫০টি স্থানে একযোগে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এই অসমিতা প্রকল্পের লক্ষ্য হল গ্রাম এবং ছোট শহর থেকে মেয়েদের খেলাধুলাকে ক্যারিয়ার হিসাবে গ্রহণ করতে উত্সাহিত করা। সারা দেশের সাথে রাজ্যেও অসমিতা প্রকল্পে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে ধলাই জেলার কমলপুরে। এই বিষয়ে ধলাই জেলার জিলা পরিষদের সভাধিনেত্রী সুস্মিতা দাস জানিয়েছেন কমলপুর পি. এম গ্ৰী কৃষ্ণচন্দ্র দ্বাদশ বালিকা বিদ্যালয়ের মাঠে সকাল আটটায় অনুষ্ঠান শুরু হবে। বিভিন্ন অনুষ্ঠান ছাড়াও থাকবে মহিলাদের নিয়ে একশো মিটার, দুইশো মিটার ও চারশো মিটার দৌড় প্রতিযোগিতা ও বিভিন্ন খেলাধুলা। সেখানে তেরো বছরের নিচে, তেরো থেকে আঠারো ও আঠারোর উর্ধ্ব বিভিন্ন বয়সী ক্রীড়াবিদ মহিলারা অংশ নেবেন।

\*\*\*\*\*

Women Conclave :

হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরার উদ্যোগে আজ আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে তৃতীয় ওমেন হেলথ কনক্লেভের আয়োজন করা হয়েছে। উদ্বোধন করবেন রাজ্য বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী রায়। উপস্থিত থাকবেন রাজ্যের ও বহিরাজ্যের বিশেষজ্ঞ চিকিৎসকগণ। কনক্লেভে মহিলাদের স্বাস্থ্য সম্পর্কিত বিভিন্ন বিষয়ে আলোচনার মাধ্যমে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে বিশেষজ্ঞরা মতামত ব্যক্ত করবেন। কনক্লেভের এইবারের মূল ভাবনা- স্বাস্থ্য সুৰক্ষার মাধ্যমে নারী ক্ষমতায়ন।

\*\*\*\*\*

### Training camp-Sepahijala :

রাষ্ট্রীয় গ্রাম সর্জাজ অভিযানের অধীন সিপাহীজলা জেলার ভিলেজ কমিটি ও ত্রিস্তরীয় পঞ্চায়েতের প্রতিনিধিদের নিয়ে বিশ্রামগঞ্জের শচীন দেববর্মন কলাক্ষেত্রে গতকাল এক দিনের প্রশিক্ষণ এবং সক্ষমতা বৃদ্ধি কর্মসূচি অনুষ্ঠিত হয়। জিলা পরিষদ ও গ্রামোল্লয়ন দপ্তর আয়োজিত এই অনুষ্ঠানে জেলার অন্তর্গত গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জিলা পরিষদের নির্বাচিত প্রতিনিধিরা অংশ গ্রহণ করেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক সুভাষ দত্ত, জেলা পঞ্চায়েত আধিকারিক ললিত চাকমা সহ বিএসি চেয়ারম্যান, বিভিন্ন পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন ও ভাইস -চেয়ারপার্সনগন।

\*\*\*\*\*

### National seminer :

উত্তর ত্রিপুরার গভর্নমেন্ট ডিগ্রি কলেজে ককবরক ভাষা ও সাহিত্য নিয়ে গতকাল এক জাতীয় সেমিনার অনুষ্ঠিত হয়। কলেজের কনফারেন্স হলে আয়োজিত এই সেমিনারের মূল বিষয় ছিল - ককবরক ভাষা ও সাহিত্য: ঐতিহ্য, পরিবর্তন ও সংরক্ষণ। অনুষ্ঠানের উদ্বোধন করেন ককবরক অ্যাডভাইজার কমিটির চেয়ারম্যান অতুল দেববর্মা। উপস্থিত ছিলেন কলেজের ইনচার্জ সুমন অধিকারী। কলেজের ককবরক বিভাগের উদ্যোগে আয়োজিত এই সেমিনারে মোট ৫৫ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করেন।

\*\*\*\*\*

### National Cricket:

মেয়েদের অনূর্ধ্ব ২৩ বছরের সীমিত ওভারের ক্রিকেটের জাতীয় আসরে এলিট গ্রুপের তৃতীয় ম্যাচেও হেরে গেলো ত্রিপুরা। গতকাল পুদুচেরির সিএপি মাঠে বিদর্ভ ৯ উইকেটের বড় ব্যবধানে রাজ্যদলকে পরাজিত করে। তিন ম্যাচের সবকটিতে রাজ্যদল হেরে গেছে।

\*\*\*\*\*

### Weather:

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ প্রধানতঃ মেঘলা থাকবে। দিনের তাপমাত্রা সর্বাধিক ৩৩ ডিগ্রি ও সর্বনিম্ন ২০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস।